**Table 6.3: BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী - /f, প/ আছে**

| Word | BPA | Word | BPA |
|---|---|---|---|
| *f*at | ফ্যাট | *f*ail | ফেইল |
| panic | প্যান ইক | *f*abric | **ফ্যাব** রিক |
| pan | প্যান | fan | ফ্যান |
| *f*etch | ফেচ | patch | প্যাচ |
| *f*ade | ফেইড | paid | পেইড |
| pillow | পিল əউ | *f*ellow | **ফেলি** əউ |
| pence | পেন্স | *f*ence | ফেন্স |
| happy | হ্যাপ ঈ | goo*f*y | গূ: ফী |
| pair | পেə$^{র}$ | *f*air | ফেəর |
| rou*gh* | রʌf | dump | ডʌম্প |
| *f*eather | **ফেদি** ə$^{র}$ | helper | হেল পə$^{র}$ |
| *f*urniture | **ফ্য:** নি চə$^{র}$ | pension | পেন শ$^{ə}$ন |

***Bold** = মুখ্য শ্বাসাঘিত সিলেবল্*
*underline = ইংরেজী শব্দে /প/ ধ্বনি*
*italic = ইংরেজী শব্দে /f/ ধ্বনি*

**লক্ষ্য করবার জন্য পয়েন্টসমূহ**

১। এই ধ্বনিটা /f/ ধ্বনি থেকে ভিন্ন।

২। এই ধ্বনিটা বাংলা /ফ/ ধ্বনি, যেটা ইংরেজীতে নেই, তার থেকে ভিন্ন।

৩। এটি একটা অঘোষ ধ্বনি, অর্থাৎ এই ধ্বনিটা বার করতে আপনি আপনার ফুসফুস এবং স্বরতন্ত্রী ব্যবহার করবেন না।

## ৬.৫ Group 4: /v, ব/ - ব্যঞ্জনধ্বনি পুনরায় প্রত্যয়ীকরণ

/v/ আর /ব/, এই দুইটি মূলধ্বনি, ইংরেজী ভাষায় দুটা আলাদা ধ্বনি। কিন্তু কোনো কোনো আঞ্চলিক বাংলা ভাষায় এই দুই ধ্বনিকে একই ধ্বনি বলে ধরা হয়। সেজন্য, অনেকে ইংরেজী বলার সময় এই দুই ধ্বনির একটার জায়গায় আর একটা ব্যবহার করেন। আর একটি সমস্যা হয় যখন ইংরেজী /v/ ধ্বনি, যেটা বাংলা ভাষায় নেই (সেকশন ৪.৩.২ দেখুন), তার জায়গায় বাংলা ধ্বনি /ভ/, যা ইংরেজী ভাষায় নেই, তা ব্যবহার করা হয়। ইংরেজী কথা বলবার সময় এরকম দুই ধ্বনির একটার জায়গায় আর একটা ব্যবহার করলে, অবাঙালি শ্রোতাদের কাছে তা বোধগম্য হয় না। আরো সমস্যা হয় যখন ইংরেজী লিখাতে, "ভাই" এর জায়গায় "vাই" লেখেন। আপনি যদি এভাবে /v/ আর /ভ/-কে অদল-বদল করেন, তাহলে আপনার ইংরেজী উচ্চারণে সমস্যা রয়েছে এবং আপনাকে **এই দুটো ব্যঞ্জনধ্বনি পুনরায় প্রত্যয়িত করতেই হবে।**

### ৬.৫.১ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /v/

সেকশন ৪.৩.২-এ আমরা আলোচনা করেছি কী করে নতুন ইংরেজী ধ্বনি /v/টা প্রত্যয়িত করা যায়। এই ধ্বনিটাকে পুনরায় প্রত্যয়িত করবার জন্য আপনি ওই সেকশন revise করতে পারেন, যাতে এই ধ্বনিটা যে /ব/ ধ্বনি থেকে আলাদা তা বুঝতে পারেন। আর /ব/ ধ্বনিটাও আপনাকে পুনরায় প্রত্যয়িত করতে হবে, যা নিচে বোঝানো হয়েছে।

### ৬.৫.২ ইংরেজী ব্যঞ্জনধ্বনি /ব/

এটা একটা **উভয়ৌষ্ঠ, ঘোষ, স্পর্শ, ব্যঞ্জনধ্বনি।**

এই ধ্বনিটা বাংলা ও ইংরেজী দুটো ভাষাতেই আছে। কিন্তু বাঙালিদের সচেতন থাকতে হবে যে /ব/ ধ্বনিটা ইংরেজী /v/ ধ্বনি থেকে ভিন্ন। ইংরেজী বলতে এই ধ্বনি দুটো **একটার জায়গায় আর একটা ব্যবহার করা চলবে না।**

**/ব/- ব্যঞ্জনধ্বনি পুনরায় প্রত্যয়ীকরণ**

প্রথমে আপনার মুখ বন্ধ করবেন আর উচ্চারক বাক প্রত্যঙ্গ, ওপরের ও নিচের ঠোঁট দুটো, এগিয়ে দেবেন যাতে দুই ঠোঁটের পেছন ভাগ পরস্পরকে স্পর্শ করে এবং দুটো ঠোঁটের মাঝখানে যেন কোন ফাঁক না থাকে। আপনার ফুসফুস থেকে কিছু বাতাস শুরু করে ওপর দিকে নিয়ে আসুন, আর তারপর /ব/ ধ্বনিটা বার করতে হঠাৎ করে ঠোঁট দুটো ফাঁক করুন। ঠোঁট দুটো ফাঁক করতে মুখ থেকে খুব বেশি বাতাস বার করবেন না। তা করলে আপনি বাংলা /ভ/ ধ্বনিটা পাবেন যেটা ইংরেজী ভাষায় নাই। আপনার হাতে তালু মুখের সামনে রেখে চেক করতে পারবেন বাতাস বেশী বেরুচ্ছে নাকি।




*Fig.6.6: /ব/ - উচ্চারক বাক প্রত্যঙ্গগুলির অবস্থান*

## Vocal Exercise- "বুদ্বুদ করা" Exercise

আপনি এই আওয়াজটি আনতে পারেন ঠোঁট দুটো দিয়ে বুদ্বুদ শব্দ করে। যদি বুদ্বুদ করতে না পারেন তাহলে আপনার বুড়ো আঙ্গুল ও মাঝের আঙ্গুল দুই গালে রাখুন এবং তারপর বুদ্বুদ করতে চেষ্টা করুন। আমরা এটাকে "বুদ্বুদ করা" exercise বলবো।

## Audio/Video উদাহরণ

ডিস্কে পাবেন।

প্র্যাক্টিস করবার জন্য শব্দাবলী

**Table 6.4: BPA-তে ইংরেজী শব্দ, যাতে ইংরেজী - /v, ব/ আছে**

| Word | BPA | Word | BPA |
|---|---|---|---|
| vat | V্যাট | *bat* | ব্যাট |
| *bandit* | **ব্যান** ডিট | vanish | **V্যান** ইশ |
| *ban* | ব্যান | van | V্যান |
| vet | Vেট | *bet* | বেট |
| *bade* | বেইড | have | হ্যাV |
| vase | Vi:z | *better* | বেট əর |
| vandalise | **V্যান** ডəল আইZ | *banner* | ব্যান əর |
| vestige | **Vেস** টিজ | havoc | **হ্যাV** əক |
| *boy* | বোই | suave | সwi:v |
| voyage | **Vোই** ইজ | void | Vোইড |
| vest | Vেস্ট | *best* | বেস্ট |
| love | লʌV | venison | **Vেন** ই সəন |

***Bold*** *= মুখ্য শ্বাসাঘিত সিলেবল্*
*Underline = ইংরেজী শব্দে /v/ ধ্বনি*
*Italic = ইংরেজী শব্দে /ব/ ধ্বনি*



**লক্ষ্য করবার জন্য পয়েন্টসমূহ:**

১ /ব/-ধ্বনিটা /**v**/-ধ্বনি থেকে ভিন্ন।

২। /**v**/-ধ্বনিটা বাংলা /ভ/-ধ্বনি থেকে ভিন্ন, /ভ/-ধ্বনিটা ইংরেজী ভাষায় নেই।

## ৬.৬ সতর্কীকরণ

চারটা ইংরেজী ধ্বনি /**f**, প, **v**, ব/-কে পূনরায় প্রত্যয়িত করতে আপনাকে অত্যন্ত সতর্ক থাকতে হবে ও সর্বাত্মক চেষ্টা করতে হবে। এই চারটা ধ্বনিকে একেবারে আলাদা ধ্বনি হিসাবে দেখবেন। তাছাড়া খেয়াল রাখবেন যে আপনি **/f/ ও /v/, এই নতুন ধ্বনিগুলিকে বাংলাতে কখনো যেন ব্যবহার না করেন।** এই ধ্বনিগুলি বাংলা ভাষায় নাই, যদিও কোনো কোনো আঞ্চলিক বাংলা ভাষায় /**f**/-ধ্বনিটা ব্যবহার হয়।

**আপনারা যদি বাংলা /ফ/ আর ইংরেজী /f/, এবং বাংলা /ভ/ আর ইংরেজী /v/-এর মধ্যে পার্থক্যটা না রেখে কথা বলেন, এবং বাংলা লিখতে যদি "vাই" (ভাই), "fল" (ফল) আর "fuল" ইত্যাদি লেখেন, তাহলে কালে /ফ/ আর /ভ/, এই দুটো বাংলা ধ্বনির উচ্চারণ বদলে যাবার বেজায় সম্ভাবনা রয়েছে। কেউ এরকম ভুল করলে আপনার উচিত হবে এটি তার নজরে আনা এবং শোধরানো।**